

প্রিয় পরিবার,

স্মরণ করিয়ে দেয়া হচ্ছে যে, আপনার সন্তান যদি এই হেমন্তে (ফল-এ) মিডল্ স্কুল শুরু করবে, তবে ভর্তির আবেদন করার জন্য আপনার এক সপ্তাহের কম সময় আছে। আপনার সন্তানের মিডল্ স্কুলে ভর্তির আবেদন জমা দেয়ার শেষ তারিখ হচ্ছে 1 মার্চ, 2022।

যদি আপনি ইতোমধ্যে আবেদন করে থাকেন, তো চমৎকার—আপনার আর কিছু করতে হবে না। আপনার আবেদনপত্রে কোনও পরিবর্তন করতে চান? আপনি শেষ সময়সীমা মার্চ 1-এর আগে যেকোনো সময় তা করতে পারেন।

আপনি যদি ইতোমধ্যে আবেদন না করে থাকেন, আমরা আপনার মিডল্ স্কুলে ভর্তির আবেদন চাইছি! হেমন্তে (ফল-এ) আপনার পরিবারের পরিকল্পনা নিয়ে আপনি নিশ্চিত না হলেও, এখনই আবেদন করায় কোনো ক্ষতি নেই।

- মনে রাখবেন, আপনার আগ্রহের একটি প্রোগ্রামে অফার পাওয়ার সবচেয়ে সেরা সুযোগ হচ্ছে, আপনার সন্তানের ভর্তির আবেদনপত্র জমা দেয়া।
- আপনার সন্তানের আবেদনপত্রে আপনার প্রকৃত পছন্দের ক্রমানুসারে (1, 2, 3 এভাবে) 12-টি প্রোগ্রাম যোগ করুন, আপনার প্রথম পছন্দের প্রোগ্রামটি যাবে সবার উপরে #1 হিসেবে। এরচেয়ে ভাল কোনো কৌশল নেই।
- অডিশন প্রোগ্রামগুলোর জন্য কোনও বাড়তি শর্তাবলী থাকলে তা সম্পন্ন করুন।

আবেদন করার তিনটি সম্ভাব্য উপায় রয়েছে:

1. অনলাইনে [MySchools.nyc](https://www.myschools.nyc.gov/) -এ—প্রক্রিয়াটির ধাপে ধাপে ব্যাখ্যা পেতে ভিডিও টিউটোরিয়াল দেখুন
2. আপনার সন্তানের বর্তমান স্কুল কাউন্সিলারের মাধ্যমে
3. একটি [ফ্যামিলি ওয়েলকাম সেন্টারের](https://www.myschools.nyc.gov/family-portal/) মাধ্যমে

আরও জানতে আগ্রহী? [schools.nyc.gov/Middle](https://schools.nyc.gov/Middle) দেখুন। সেখানে, আমাদের ভিডিও সিরিজটি দেখে নিন, যেগুলো পরিবারদের অফার নির্ধারণে যেসব বিষয় ভূমিকা রাখে এবং আপনার আবেদনপত্রের জন্য কীভাবে প্রোগ্রামসমূহ বেছে নিতে হয় তা সহ মিডল্ স্কুলে ভর্তি প্রক্রিয়াটি বুঝিয়ে দেয়।

আপনার আবেদনে সহায়তা করতে আমরা আপনার পাশে আছি এবং কোনও প্রশ্ন থাকলে আপনার বর্তমান স্কুল কাউন্সিলারের সাথে কথা বলুন, একটি [ফ্যামিলি ওয়েলকাম সেন্টারের](https://www.myschools.nyc.gov/family-portal/) সাথে যোগাযোগ করুন, অথবা 718-935-2009 নম্বরে ফোন করুন।

শুভ কামনায়,

মিডল্ স্কুল অ্যাডমিশন্স টিম, অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট

এই ইমেইলটি কি আপনার কোনও বন্ধু আপনাকে প্রেরণ (ফরওয়ার্ড) করেছেন? [schools.nyc.gov/SignUp](https://schools.nyc.gov/SignUp) ওয়েবসাইটে আমাদের মিডল্ স্কুলে ভর্তিতে আগ্রহীদের মেইলিং লিস্টে (ডাক তালিকায়) নাম লেখাতে (বা সাইন আপ করতে) ভুলবেন না। মিডল্ স্কুল অ্যাডমিশন্স বিষয়ে ভবিষ্যতে কোনও বার্তা না পেতে চাইলে, তথা আনসাবস্ক্রাইব করতে, অনুগ্রহ করে [এখানে](#) ক্লিক করুন।